

কৃষ্ণনগর হাই স্কুল  
কৃষ্ণনগর, নদিয়া

একাদশ শ্রেণিতে ভর্তি-সংক্রান্ত বিজ্ঞপ্তি

০৭-০৫-২০২৬

২০২৬ সালে উত্তীর্ণ মাধ্যমিক পরীক্ষার্থীরা এই বিদ্যালয়ে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নিম্নলিখিত সূচি অনুযায়ী অনলাইনে আবেদন করতে, আবেদনপত্র জমা দিতে ও সরাসরি ভর্তি হতে পারবে।

অনলাইনে আবেদন করার তারিখ : ১১-০৫-২০২৬ থেকে ২২-০৫-২০২৬, বেলা ১২-৩০ মিঃ পর্যন্ত।

সরাসরি ভর্তি : ২০২৬ সালের মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ নিম্নলিখিত নম্বর পাওয়া ছাত্ররা এই বিদ্যালয়ে একাদশ শ্রেণিতে সরাসরি ভর্তি হতে পারবে। সরাসরি ভর্তি হতে গেলে আগে অনলাইনে আবেদন করে আবেদনপত্রের হার্ডকপি নিয়ে নির্দিষ্ট দিনে নির্ধারিত সময়ের মধ্যে অভিভাবকসহ (বাবা/মা) বিদ্যালয়ে আসতে হবে। সমস্ত শংসাপত্রের Original Copy এবং Photo Copy সঙ্গে আনতে হবে। সরাসরি ভর্তির সময় ১০১০ টাকা (এক হাজার দশ টাকা) লাগবে।

সরাসরি ভর্তির জন্য যোগ্যতা

কৃষ্ণনগর হাই স্কুল থেকে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের জন্য

	মোট নম্বর	বিজ্ঞান বিভাগে প্রাপ্ত নম্বর	ভূগোলে প্রাপ্ত নম্বর
বিজ্ঞান বিভাগ :	অন্তত ৫২৫ (৭৫%)	অন্তত ২২৫ (৭৫%)	-
কলা বিভাগ:	অন্তত ৩১৫ (৪৫%)	-	অন্তত ৫০

অন্যান্য স্কুল থেকে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের জন্য

	মোট নম্বর	বিজ্ঞান বিভাগে প্রাপ্ত নম্বর	ভূগোলে প্রাপ্ত নম্বর
বিজ্ঞান বিভাগ :	অন্তত ৫৬০ (৮০%)	অন্তত ২২৫ (৭৫%)	-
কলা বিভাগ:	অন্তত ৩৫০ (৫০%)	-	অন্তত ৫০

সরাসরি ভর্তির জন্য নির্দিষ্ট দিন

- ১৯-০৫-২০২৬, বেলা ১১ টা থেকে ১ টা পর্যন্ত : বিজ্ঞান বিভাগ
- ২০-০৫-২০২৬, বেলা ১১ টা থেকে ১ টা পর্যন্ত : কলা বিভাগ

ভর্তির সময় ছাত্রদের 'School Leaving Certificate' এর Original Copy জমা দিতে হবে। এই Certificate টি কোনও ভাবেই আর ফেরৎ পাওয়া যাবে না। একাদশ শ্রেণিতে একবার ভর্তি হওয়ার পর ৩০ জুন, ২০২৬ এর আগে কোনও ছাত্রকে **Transfer Certificate** দেওয়া যাবে না।

অনলাইনে আবেদন করার পর আবেদনপত্রের হার্ডকপি বিদ্যালয়ের কার্যালয়ে জমা দেওয়ার তারিখ : যেসব ছাত্র সরাসরি ভর্তি হতে পারবে না, তাদের আবেদনপত্রের হার্ডকপি বিদ্যালয়ের কার্যালয়ে জমা নেওয়া হবে ২৩-০৫-২০২৬ এবং ২৫-০৫-২০২৬, বেলা ১১-০০ টা থেকে বেলা ১-০০ টা পর্যন্ত। আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় নথিপত্রের ফটোকপি এবং পঞ্চাশ টাকা বিদ্যালয়ের কার্যালয়ে জমা দিতে হবে। বিদ্যালয় কর্তৃপক্ষদ্বারা স্বাক্ষরিত আবেদনপত্রের হার্ডকপির নীচের অংশটি প্রাপ্তি রসিদ বলে গণ্য হবে। ভর্তি-সংক্রান্ত পরবর্তী বিজ্ঞপ্তিগুলি বিদ্যালয়ের ওয়েবসাইট [www.krishnagarhighschool.org](http://www.krishnagarhighschool.org) এ প্রকাশ করা হবে।

আসন সংখ্যা

কলা বিভাগ: ৯০

বিজ্ঞান বিভাগ: ৬০

- আসন সংখ্যা পূর্ণ না হওয়া পর্যন্ত সরাসরি ভর্তি চলবে।
- সরাসরি ভর্তির পর আসন শূন্য থাকলে তবেই ভর্তির তালিকা প্রকাশ করা হবে।
- কবে তালিকা প্রকাশ করা হবে তা বিদ্যালয়ের ওয়েবসাইট [www.krishnagarhighschool.org](http://www.krishnagarhighschool.org) এ ২৫-০৫-২০২৬ বেলা ২-০০ টোর সময় জানানো হবে।
- সরাসরি ভর্তিতে আসন সংখ্যা পূর্ণ হয়ে গেলে আর আবেদনপত্র জমা নেওয়া হবে না।

একাদশ শ্রেণির বিষয় নির্বাচন - ২০২৬

বিজ্ঞান বিভাগ

১. পদার্থবিদ্যা,
২. রসায়ন ,
৩. অঙ্ক
৪. জীববিদ্যা / কম্পিউটার সায়েন্স / কম্পিউটার অ্যাপ্লিকেশন

কলা বিভাগ

(নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে যেকোনো চারটি বিষয় নির্বাচন করতে হবে)

- |           |                   |                           |
|-----------|-------------------|---------------------------|
| ১. ইতিহাস | ২. ভূগোল          | ৩. সংস্কৃত                |
| ৪. দর্শন  | ৫. রাষ্ট্রবিজ্ঞান | ৬. কম্পিউটার অ্যাপ্লিকেশন |

অনলাইন ফর্ম ফিল-আপ করার সময় নিম্নলিখিত জিনিসগুলি হাতের কাছে রাখতে হবে

১. ছাত্রের পাসপোর্ট সাইজ ছবি
২. মাধ্যমিক পরীক্ষার মার্কশীট
৩. মাধ্যমিক পরীক্ষার সার্টিফিকেট
৪. কাস্ট সার্টিফিকেট, যেক্ষেত্রে প্রযোজ্য
৫. আধার কার্ড
৬. বি.পি.এল কার্ড, যেক্ষেত্রে প্রযোজ্য
৭. ছাত্রের নামে বা তার বাবার নামে থাকা ব্যাঙ্ক পাশবই
৮. ছাত্রের ব্লাড গ্রুপ, যদি জানা থাকে
৯. ছাত্রের শনাক্তকরণ চিহ্ন (Identification Mark)
১০. প্রতিবন্ধী হলে তার প্রমাণপত্র

অনলাইন ফর্মের হার্ডকপির সাথে নিম্নলিখিত কাগজপত্র বিদ্যালয় কার্যালয়ে জমা দিতে হবে

(অ্যাটেস্টেড করানোর দরকার নেই)

১. মাধ্যমিক পরীক্ষার মার্কশীটের ফটোকপি
২. মাধ্যমিক পরীক্ষার সার্টিফিকেটের ফটোকপি
৩. তপশীলি জাতি/ উপজাতি/ অনগ্রসর শ্রেণিভুক্ত/ প্রতিবন্ধী হলে তার প্রমাণপত্রের ফটোকপি
৪. আধার কার্ডের ফটোকপি
৫. বি.পি.এল কার্ডের ফটোকপি, যেক্ষেত্রে প্রযোজ্য
৬. EWS হলে তার প্রমাণপত্র

প্রধান শিক্ষক  
কৃষ্ণনগর হাই স্কুল

আমাদের ওয়েবসাইট টি হল [www.krishnagarhighschool.org](http://www.krishnagarhighschool.org)